# প্রাথমিক শিক্ষা বিভাগের সহিত চুক্তিনামা

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ ২০ নং আইন) এর ধারা ২৩ এর অধীনে সরকার কর্তৃক খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট প্রাথমিক শিক্ষা বিষয়ক কতিপয় কর্ম হস্তান্তর নির্দেশনামা।

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ২৩ এর 'খ' অনুযায়ী সরকার নিম্নলিখিত বিষয়গুলি খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট নিম্নবর্ণিত শর্তে হস্তান্তর করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন; এবং যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার প্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ উক্ত বিষয়গুলি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন;

সেহেতু সরকার উপরোক্ত আইনের ধারা ২৩(খ) এ প্রদত্ত ক্ষমতা বলে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের সম্মতিক্রমে নিম্নলিখিত বিষয়গুলি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট হস্তান্তর করিলেন ঃ—

বিষয় ঃ প্রাথমিক শিক্ষা

(১) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও তাঁহার অফিসে অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণকে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের অধীনে প্রেষণে নিয়োগ।

(২) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা নিয়োগ, বদলী ইত্যাদি।

শর্তসমূহ ঃ

(ক) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এবং জেলা সদরে তাহার অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদে প্রেষণে নিয়োগ করা হইবে। এই সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন, ভাতা ইত্যাদির ব্যয় উপজেলা পরিষদের ব্যয় বরাদ্দ এর অনুরূপ স্থানীয় সরকার পরিষদে ন্যস্ত করা হইবে।

(খ) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা এর প্রতিনিধি হিসাবে বর্তমানে যে সকল দায়িত্ব ও কর্তব্য যেমন- সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা ও তাহার আওতাধীন উপজেলা শিক্ষা অফিস সমূহে কর্মরত অফিসার ও কর্মচারীদের আন্তঃউপজেলা পর্যায়ে বদলী ইত্যাদি পালন করিতেছেন তাহা খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট ন্যস্ত করা হইল। তবে উপজেলা পর্যায়ে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের বদলীর ব্যাপারে প্রচলিত ক্ষমতা ও পদ্ধতি অব্যাহত থাকিবে।

(গ) তদ্রুপ তিনটি পার্বত্য জেলার মধ্যে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা বদলী, এবং জেলা ও উপজেলা শিক্ষা অফিস সমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বদলী সংক্রান্ত কার্যাদি উপ-পরিচালক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম যথারীতি সম্পাদন করিবেন।

(ঘ) বর্তমানে প্রচলিত কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটির পরিবর্তে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যানের নেতৃত্বে নিম্নরূপ প্রাথমিক শিক্ষা নির্বাচনী কমিটি গঠিত হইবে ঃ

| | |
|---|---|
| (১) চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ | — সভাপতি |
| (২) জেলা প্রশাসক | — সদস্য |
| (৩) অধ্যক্ষ, সরকারী মহাবিদ্যালয় | — সদস্য |
| (৪) সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান | — সদস্য |
| (৫) স্থানীয় সরকার পরিষদের একজন সদস্য (সভাপতি কর্তৃক মনোনীত) | — সদস্য |
| (৬)সিভিল সার্জন | — সদস্য |
| (৭) প্রধান শিক্ষক/শিক্ষয়িত্রী, সরকারী বালক/ বালিকা উচ্চ বিদ্যালয় (জ্যেষ্ঠ) | — সদস্য |
| (৮)জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | —সদস্য সচিব |

(ঙ) উক্ত কমিটি সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষক নিয়োগ বিধিমালা, ১৯৮৩ (পরিশিষ্ট 'ক' দ্রঃ) এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত আদেশাবলী অনুযায়ী প্রাথমিক শিক্ষক/শিক্ষিকা নির্বাচন কার্যাদি সম্পাদন করিবেন।

(চ) এই কমিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে জারীকৃত প্রাথমিক শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি নং-আর-১৩(নিয়োগ)/৮৮-প্রাই/২৯৮৬, তারিখ ২০/১১/৮৯ ইং (পরিশিষ্ট 'খ' দ্রঃ) অনুযায়ী প্রাপ্ত দরখাস্ত সমূহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত নীতিমালার (পরিশিষ্ট 'গ' দ্রঃ) আলোকে তিন সদস্য বিশিষ্ট জেলা নিরীক্ষা কমিটি (পরিশিষ্ট 'ঘ' দ্রঃ) দ্বারা নিরীক্ষার ব্যবস্থাকরণ, যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা, নির্ধারিত নিয়মাবলী (পরিশিষ্ট 'ঙ' দ্রঃ) অনুসারে অনুষ্ঠানের ব্যবস্থাকরণ, কোড নম্বরের সাহায্য উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থাকরণ এবং সরকার কর্তৃক প্রণীত নীতিমালা (পরিশিষ্ট 'চ' দ্রঃ) অনুযায়ী ফলাফল নির্ধারণ এবং উপজেলা ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন ও নির্ধারিত নিয়োগ নির্দেশিকা (পরিশিষ্ট 'ছ' দ্রঃ) মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক নিয়োগাদেশ ইস্যুর নিমিত্তে উহা উপজেলায় প্রেরণ ইত্যাদি কাজ সম্পন্ন করিবেন।

(ছ) সংশ্লিষ্ট স্থানীয় সরকার পরিষদ কর্তৃক বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীগণ সরকারী বিধি/প্রবিধি/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হইবেন।

(জ) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার নৈমিত্তিক ছুটি স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান বা তাহার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা প্রদান করিবেন। অন্যান্য ছুটির বেলায় বর্তমানে প্রচলিত নিয়ম বহাল থাকিবে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের নৈমিত্তিক ও অন্যান্য ছুটির ক্ষেত্রেও বর্তমান নিয়ম অব্যাহত থাকিবে।

(ঝ) উপজেলা পরিষদ কর্তৃক প্রাথমিক স্কুল উন্নয়নের বর্তমান নিয়ম বজায় থাকিবে। প্রাথমিক বিদ্যালয়ের বড় ধরণের মেরামত, সম্প্রসারণ কিংবা নতুন বিদ্যালয় নির্মাণ ইত্যাদির ব্যয় শিক্ষা মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে স্থানীয় সরকার পরিষদ উহার নিজস্ব তহবিল হইতে নির্বাহ করিবে।

(ঞ) প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে স্থানীয় সরকার পরিষদ এবং উপজেলা পরিষদ সমূহ যে সকল সিদ্ধান্ত/কার্যক্রম গ্রহণ করিবে তাহা মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা, বাংলাদেশ ঢাকা এবং উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রামকে অবহিত রাখিবে।

(ট) এই চুক্তিনামা অনুসারে প্রাথমিক শিক্ষা সংক্রান্ত কোন বিষয়ে (যেমন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক/শিক্ষিকা নির্বাচন, নিয়োগ, পদোন্নতি, বদলী, শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ ইত্যাদি) কোন বিরোধ /সমস্যা সৃষ্টি হইলে উহা নিষ্পত্তির ব্যাপারে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

এই চুক্তি ১লা জুলাই, ১৯৯০ ইং/১৬ই আষাঢ়, ১৩৯৭ বাংলা হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষর-অস্পষ্ট ২৭/৬/৯০
( আ, ন, ম, ইউসুফ)
সচিব
শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

আমি সমীরণ দেওয়ান, চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের পক্ষে এই নির্দেশনামায় উল্লেখিত বিষয়গুলি উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

স্বাক্ষর-অস্পষ্ট ২৭/৬/৯০
(সমীরণ দেওয়ান)
চেয়ারম্যান
পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ
খাগড়াছড়ি।